

Total No. of Printed Pages—4

**4 SEM FYUGP BNLC 4B**

**2025**

( June )

**BENGALI**

( Core )

Paper : BNLC 4B

( দিনলিপি ও জীবনকথা )

Full Marks : 60

Time : 2 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

প্রথম একক

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২
- (ক) কোনো অন্য ব্যক্তির জীবনকথা অবলম্বনে লেখা প্রবন্ধকে  
কী বলে ?
- (খ) কড়চা কাকে বলে ?
- (গ) প্রথম ভারতীয় মহিলা যিনি প্রথম আত্মজীবনী লিখেছিলেন  
তাঁর নাম কী ?

- ২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩
- (ক) দিনলিপির সংজ্ঞা ও পদ্ধতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।
- (খ) যে কোনো তিনটি আত্মজীবনীর নাম উল্লেখ কর।
- ৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০
- (ক) আত্মজীবনী কাকে বলে? আত্মজীবনীর বৈশিষ্ট্য উল্লেখ করে জীবনী ও আত্মজীবনীর পার্থক্য আলোচনা কর।
- (খ) দিনলিপির সাহিত্যিক মূল্যায়ন আলোচনা করে জীবনীর সঙ্গে তার পার্থক্য নির্দেশ কর।

### দ্বিতীয় একক

- ৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২
- (ক) 'আমার জীবন' গ্রন্থটির প্রকাশকাল কত?
- (খ) 'আমার জীবন' গ্রন্থের গ্রন্থ-পরিচিতি অংশটি কে লিখেছেন?
- (গ) কোন্ গ্রামে রাসসুন্দরীর স্বশুরালয় অবস্থিত ছিল?
- ৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩
- (ক) বাল্যকালে রাসসুন্দরী কীরূপ শৈক্ষিক পরিবেশ লাভ করেছিলেন?
- (খ) দয়ামাধব কে, রাসসুন্দরী দেবীর জীবনে তিনি কীরূপ প্রভাব বিস্তার করেছিলেন?

- ৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০
- (ক) 'আমার জীবন' অবলম্বনে ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধ জুড়ে নারীর অবস্থান প্রসঙ্গ তুলে ধর।
- (খ) আত্মজীবনী গ্রন্থরূপে 'আমার জীবন' গ্রন্থটির সার্থকতা আলোচনা কর।

### তৃতীয় একক

- ৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২
- (ক) কত সালে রবীন্দ্রনাথের 'ছেলেবেলা' প্রকাশিত হয়?
- (খ) মুকুন্দরাম কে?
- (গ) "সমস্ত রামায়ণের পাঁচালি ছিল সুরসমেত তার মুখস্থ।" এখানে কার কথা বলা হয়েছে?
- ৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) ৩
- (ক) আবদুল কে ছিল? সে রবির দাদাকে কী কী এনে দিত?
- (খ) 'ছেলেবেলা' (আত্মজীবনী) থেকে ঠাকুরবাড়ির অন্দরমহলের সাহিত্যচর্চার একটি সম্যক ধারণা তুলে ধর।
- ৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০
- (ক) রবীন্দ্রনাথের ছেলেবেলার স্মৃতি থেকে গানের পাঠশালার অভিজ্ঞতা বর্ণনা কর।
- (খ) রবীন্দ্রনাথের 'ছেলেবেলা' অবলম্বনে কবির কিশোর-কালের কয়েকটি অভিজ্ঞতার বর্ণনা দাও।

চতুর্থ একক

- ১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২
- (ক) সত্যজিৎ রায়ের 'স্মৃতিকথা' প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয় ?
- (খ) প্রয়াগ কে ছিল ?
- (গ) "ক্যামেরার কাজ যে শিখে নিয়েছিল বেশ পাকা ভাবে..."- এখানে কার কথা বলা হয়েছে ?
- ১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ৩
- (ক) "আমাদের ছেলেবেলায় এমন অনেক কিছু ছিল যা এখন আর নেই।" সত্যজিৎ রায়ের স্মৃতিকথায় উল্লিখিত এমন তিনটি জিনিসের নাম লেখ।
- (খ) 'যখন ছোট ছিলাম' গ্রন্থ অবলম্বনে সত্যজিৎ রায়ের পৈতৃক বাড়ির অবস্থান কালে শৈশবের স্মৃতিটুকু তুলে ধর।
- ১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০
- (ক) 'যখন ছোট ছিলাম' গ্রন্থ অনুসরণে সত্যজিৎ রায় ছেলেবেলায় যে সমস্ত বিশিষ্ট ব্যক্তিত্বের সান্নিধ্যে এসেছিলেন তাঁদের পরিচয় দাও।
- (খ) সত্যজিৎ রায়ের 'যখন ছোট ছিলাম' গ্রন্থটি জীবনী সাহিত্য হিসেবে কতখানি সার্থক, আলোচনা কর।

\*\*\*